বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, শের-ই- বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং এসইসি/এনফোর্সমেন্ট/২৬০২/২০১৮/১৪৭

তারিখঃ ২৭ মার্চ, ২০১৯ ইং

# আদেশ

যেহেতু, as per section 2 (cc) of the Securities and Exchange Ordinance, 1969 Commission means Bangladesh Securities and Exchange Commission constituted under the Bangladesh Securities and Exchange Act, 1993;

যেহেতু, Enquiry order no. BSEC/Surveillance/2017-0895/18 dated 23 April, 2018 and BSEC/Surveillance/2017-0895/21 dated 12 June, 2018 to enquire into some person's involvement with unusual and suspicious trading activities in shares of Monno Jute Stafflers Ltd., Popular Life Insurance Co. Ltd., Renwick Jajneswar & Co (Bd) Ltd., Stylecraft Limited, Monno Ceramic Industries Ltd. and Alif Industries Limited in the stock exchanges. From the enquiry report it appears, among others, that:

Md. Mahamuddozzaman maintaining 02 (two) accounts with Al-Muntaha Trading Co.Ltd. (client code # 000400) and Merchant Securities Limited (client code # 4626, BO:1203210046693726, 1203310046693726).
Trade details by those accounts are given below:

| Date | Total Buy | Total Sale | Total Trade by Mahamuddozzaman and Md. Mohibul Islam | Total Market Trade | % of Total Trade |
|---|---|---|---|---|---|
| 02.04.2018 | 100 | 0 | 100 | 10793 | 1% |
| 04.04.2018 | 0 | 100 | 100 | 6060 | 2% |
| 05.04.2018 | 7022 | 0 | 7022 | 24676 | 28% |
| 09.04.2018 | 250 | 77 | 327 | 9358 | 3% |
| 10.04.2018 | 136 | 646 | 782 | 6928 | 11% |
| 11.04.2018 | 44 | 365 | 409 | 5351 | 8% |
| 12.04.2018 | 1380 | 840 | 2220 | 6939 | 32% |
| 15.04.2018 | 0 | 3214 | 3214 | 16515 | 19% |

Table: Trade of Mahamuddozzaman (02/04/18 to 15/04/18) From the above table it is observed that Md. Mahamuddozzaman and Md. Mohibul Islam jointly traded more than 10% of the total trade volume on four dates. They traded 28%, 11%, 32% and 19% on 05.04.2018, 10.04.2018, 12.04.208 and 15.04.2018 respectively.

**Findings:**
As per section 17(e) (v) of the Securities and exchange ordinance, 1969 "No person shall, for the purpose of inducing, dissuading, effecting, preventing or in any manner influencing or turning to his advantage, the sale or purchase of any security, directly or indirectly, -
(e) do any act or practice or engage in a course of business, or omit to do any act which operates or would operate as a fraud, deceit or manipulation upon any person, in particular-
(v) directly or indirectly effect a series of transactions in any security creating the appearance of active trading therein or of raising of price for the purpose of inducing its purchase by others or depressing its price for the purpose of inducing its sale by others;"

নং এসইসি/এনফোর্সমেন্ট/২৬০২/২০১৮/১৪৭ তারিখঃ ২৭ মার্চ, ২০১৯ ইং

**আদেশ**

From the above table it is found that Mr. Md. Mahamuddozzaman was involved directly and indirectly in transaction of shares of STYLECRAFT in order to create the appearance of active trading of the said share.

**Contravention:** Md. Mahamuddozzaman violated 17(e) (v) of the Securities and exchange ordinance, 1969.

যেহেতু, জনাব মোঃ মাহামুদুজ্জামান-কে উপরোক্ত ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ৭ আগস্ট ২০১৮ ইং তারিখের নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২৬০২/২০১৮/২৮৮ নম্বর স্মারকমূলে জনাব মোঃ মাহামুদুজ্জামান -কে নির্ধারিত তারিখে উপরোক্ত ব্যর্থতার কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয় এবং জনাব মোঃ মাহামুদুজ্জামান উক্ত শুনানীতে ২৭ আগস্ট, ২০১৮ তে উপস্থিত হয়ে তার নিম্ন লিখিত বক্তব্য দাখিল করেন;

**Explanation of the alleged persons submitted at the time of hearing:**

"Md. Mahamuddozzaman submited a written explanation vide letter dated August 27, 2018 stating among others that:-

"বিনীত নিবেদন, আপনার পত্র নং- BSEC/Enforcement/2602/2018/288 তারিখ ০৭/০৮/২০১৮ এর প্রেক্ষিতে জানাইতেছি যে, আমি ০২/০৪/২০১৮ ইং তারিখ হইতে ১৫/০৪/২০১৮ ইং তারিখ পযর্ন্ত পত্রে উল্লেখিত শেয়ার এর লেন-দেন র্মাকেটে কোন প্রকার প্রভাব বিস্তারের উদ্দেশ্যে করি নাই, বা কোন প্রকার ম্যানুপুলেশন- এর উদ্দেশ্যেও করি নাই, এবং উক্ত শেয়ারের মোট লেন-দেনের শতকরা কতভাগ শেয়ার ক্রয়-বিক্রয় করিয়াছি লেন-দেন চলা অবস্থায় সেটাও বোঝা আমার পক্ষে সম্ভব নয় । সর্বোপরি এব্যাপারে কি আইন কানুন আছে তাও আমার জানা নাই। আমি শেয়ারের পরিশোধিত মূলধন, শেয়ার প্রতি আয়, মার্কেট ট্রেন্ড, ভবিষ্যৎ সম্ভাবনা ইত্যাদি দেখে উক্ত শেয়ারের লেন-দেন করিয়াছি। আমি উক্ত শেয়ারের লেন-দেন কোন খারাপ উদ্দেশ্যে করি নাই ।

অতএব, বিনীত প্রার্থনা আমাদের আইন কানুন সর্ম্পকে অজ্ঞতা এবং অনভিজ্ঞতার কারনে কোন প্রকার ভুলত্রুটি হয়ে থাকলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে বিবেচনা করার জন্য কমিশন এর নিকট বিশেষ ভাবে অনুরোধ করিতেছি।"

জনাব মোঃ মাহামুদুজ্জামান এর লিখিত বক্তব্য কমিশনের বিচেনায় গ্রহণযোগ্য হয়নি।

যেহেতু, জনাব মোঃ মাহামুদুজ্জামান এর লিখিত বক্তব্য কমিশনের বিবেচনায় গ্রহণযোগ্য হয়নি, যা সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতা বিধায় section 22 of the Securities and Exchange Ordinance, 1969 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ এবং যা ক্ষমার অযোগ্য;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে জনাব মোঃ মাহামুদুজ্জামান কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ মাহামুদুজ্জামান এর উপর ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করা হল। উক্ত জরিমানার অর্থ আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

২৭/০৩/২০১৯

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণঃ
জনাব মোঃ মাহামুদুজ্জামান
আল-মুনতাহা ট্রেডিং কোঃ লিমিটেড (ক্লায়েন্ট কোড : ০০০৪০০)